

পঞ্চায়েতগুলির নির্বাচিত মহিলা প্রতিনিধিদের জন্য দেশব্যাপি প্রশিক্ষণ কর্মসূচির সূচনা

নয়াদিল্লি, ১৮ এপ্রিল, ২০১৭

গ্রামপঞ্চায়েতগুলিতে নির্বাচিত মহিলা প্রতিনিধিদের দক্ষতা বাড়ানোর জন্য এক সুসংবদ্ধ মডিউল (কার্যপ্রণালী) এবং পঞ্চায়েতগুলির নেত্রীদের জন্য এক প্রশিক্ষণ কর্মসূচি সোমবার থেকে শুরু হয়েছে। কেন্দ্রীয় পঞ্চায়েতিরাজ মন্ত্রকের সহযোগিতায় মহিলা ও শিশুকল্যাণ মন্ত্রক সারা দেশ জুড়ে এই কর্মসূচি শুরু করছে। নয়াদিল্লি থেকে ভিডিও কলফারেন্সের মাধ্যমে ঝাড়খন্ডের রাঁচিতে এই কর্মসূচির সূচনা হয়। নয়াদিল্লিতে অনুষ্ঠানে কেন্দ্রীয়মন্ত্রী শ্রীমতী মানেকা সঞ্জয় গান্ধী ও শ্রী নরেন্দ্র সিং তোমর উপস্থিত ছিলেন। কর্মসূচির উদ্দেশ্য হল, পঞ্চায়েতগুলিতে নির্বাচিত মহিলা প্রতিনিধিদের ক্ষমতা, প্রশাসনিক দক্ষতা ও যোগ্যতা বাড়িয়ে তাদের ক্ষমতায়ন ঘটানো।

নির্বাচিত মহিলা-প্রশিক্ষক ও মহিলা গ্রামপ্রধানদের উদ্দেশ্যে ভাষণকালে শ্রীমতী গান্ধী বলেন, পঞ্চায়েতিরাজ প্রতিষ্ঠানগুলিতে মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষিত হওয়া সত্ত্বেও গ্রামপ্রশাসন ব্যবস্থায় উপযুক্ত দক্ষতা যোগ্যতা ও জ্ঞান না থাকায় নির্বাচিত মহিলা প্রতিনিধিরা কার্যকর ভূমিকা নিতে পারছেন না এবং অধিকাংশ ক্ষেত্রে তাদের স্বামীরাই মূল কেন্দ্রবিন্দু হয়ে উঠছেন। মহিলা প্রতিনিধিদের এই অক্ষমতা দূর করতেই কর্মসূচিটি গ্রহণ করা হয়েছে। এই কর্মসূচি নির্বাচিত মহিলা প্রতিনিধিদের নেত্রীস্থানীয় ভূমিকা গ্রহণেও সাহায্য করবে বলে শ্রীমতী গান্ধী মন্তব্য করেন।

শ্রীমতী গান্ধী আরও বলেন, মহিলাদের সুরক্ষা ও নিরাপত্তা, শিশুকন্যাদের উপযুক্ত শিক্ষা, মহিলাদের সুস্বাস্থ্য, এমজিএনআরইজিএ-এর মাধ্যমে সম্পদসৃষ্টি, সর্বজনীন টিকাকরণ ও পরিপূরক পুষ্টি প্রদানের মতো বিষয়গুলি মহিলা ও শিশুকন্যাদের ক্ষেত্রে একেবারে তৃণমূলস্তরে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। মহিলা গ্রাম প্রধানরা এই সমস্তু ক্ষেত্রে সমগ্র নারী সমাজের কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। সাধারণ সমস্যাগুলির সমাধানে উপযুক্ত কৌশল ও পন্থা-পদ্ধতিগুলি পরস্পরের মধ্যে বিনিময়ের জন্য শ্রীমতী গান্ধী মহিলা গ্রামপ্রধানদের হোয়াটসআপ গ্রুপ শুরু করার পরামর্শ দেন।

TRIPURAINFO

এই উপলক্ষে কেন্দ্রীয় পঞ্চায়েতরাজ মন্ত্রী শ্রী নরেন্দ্র সিং তোমর বলেন, গ্রামগুলির সার্বিক উন্নয়নে চতুর্দশ অর্থ কমিশনের আওতায় গ্রামপঞ্চায়েতগুলির জন্য আগামী পাঁচ বছরে দু লক্ষ কোটি টাকা বরাদ্দ করা হচ্ছে। উন্নয়নমূলক প্রকল্পগুলি রূপায়নে আরও বেশি দায়বদ্ধতা, সততা, ও স্বচ্ছতা বজায় রাখার কথাও মন্ত্রী বলেন।

অনুষ্ঠানে জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন শ্রীমতি ললিতা কুমার মঙ্গলম-ও উপস্থিত ছিলেন।

